



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১৯

তারিখঃ ০৮ পৌষ, ১৪২২ বঙ্গাব্দ
২২ ডিসেম্বর, ২০১৫ খ্রীষ্টাব্দ

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখ বৃহস্পতিবার ব্যাংক খোলা রাখা প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পৌরসভা নির্বাচন উপলক্ষে ৩০ ডিসেম্বর, ২০১৫ তারিখ সারাদেশে নির্বাচন সংশ্লিষ্ট এলাকার ব্যাংক শাখাগুলো বন্ধ থাকবে বিধায় ২০১৫ সনের বার্ষিক হিসাব ক্লোজিং এর সুবিধার্থে আগামী ৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখ বৃহস্পতিবার যথারীতি সকল তফসিলি ব্যাংক খোলা থাকবে। এ প্রেক্ষিতে, ৩১ ডিসেম্বর, ২০১৫ এর পরিবর্তে ০১ জানুয়ারি, ২০১৬ তারিখ ব্যাংক হলিডে ঘোষণা করা হলো।

এছাড়া, ৩০ ডিসেম্বর ২০১৫ তারিখে বন্ধ থাকা শাখাসমূহের উপর চেক উপস্থাপনের ক্ষেত্রে ব্যাংকগুলোকে সতর্কতা অবলম্বনের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ-

(মোঃ ইব্রাহিম ভূঁইয়া)

মহাব্যবস্থাপক

(চলতি দায়িত্ব)

ফোন : ৯৫৩০২০৭